রেজিস্টার্ড নং ডি এ-১

# বাংলাদেশ গেজেট

অতিরিক্ত সংখ্যা
কর্তৃপক্ষ কর্তৃক প্রকাশিত

রবিবার, নভেম্বর ১২, ২০০৬

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
**নৌ-পরিবহন মন্ত্রণালয়**

**প্রজ্ঞাপন**

তারিখ, ২২ কার্তিক ১৪১৩/৬ নভেম্বর ২০০৬

**এস, আর, ও নং ২৯০-আইন/২০০৬।**—গণপ্রজাতন্ত্রী বাংলাদেশের সংবিধানের অনুচ্ছেদ ১৩৩ এর শর্তাংশে প্রদত্ত ক্ষমতাবলে রাষ্ট্রপতি, উক্ত সংবিধানের অনুচ্ছেদ ১৪০(২) এর বিধান মোতাবেক বাংলাদেশ সরকারী কর্মকমিশনের সহিত পরামর্শক্রমে, নিম্নরূপ বিধিমালা প্রণয়ন করিলেন, যথা ঃ—

১। **সংক্ষিপ্ত শিরোনাম।**—এই বিধিমালা নাবিক ও প্রবাসী শ্রমিক কল্যাণ পরিদপ্তর (কর্মকর্তা ও কর্মচারী) নিয়োগ বিধিমালা, ২০০৬ নামে অভিহিত হইবে।

২। **সংজ্ঞা।**—বিষয় বা প্রসঙ্গের পরিপন্থী কিছু না থাকিলে, এই বিধিমালায়—

(ক) **"কমিশন"** অর্থ বাংলাদেশ সরকারী কর্মকমিশন;

(খ) "তফসিল" অর্থ এই বিধিমালার তফসিল;

(গ) "নিয়োগকারী কর্তৃপক্ষ" অর্থ সরকার বা সরকার কর্তৃক ক্ষমতা প্রদত্ত যে কোন কর্মকর্তা;

(ঘ) "পদ" অর্থ তফসিলে উল্লিখিত কোন পদ;

(ঙ) "প্রয়োজনীয় যোগ্যতা" অর্থ সংশ্লিষ্ট পদের জন্য তফসিলে উল্লিখিত যোগ্যতা;

(চ) "শিক্ষানবিস" অর্থ কোন পদে শিক্ষানবিস হিসাবে নিযুক্ত কোন ব্যক্তি;

(ছ) "সার্টিফিকেট বা ডিগ্রী" অর্থ স্বীকৃত বিশ্ববিদ্যালয় বা স্বীকৃত বোর্ড কর্তৃক সময় সময় প্রদেয় সার্টিফিকেট বা ডিগ্রী;


মূল্য ঃ টাকা ৬.০০

(জ) "স্বীকৃত বিশ্ববিদ্যালয়" বা "স্বীকৃত বোর্ড" অর্থ আপাততঃ বলবৎ কোন আইনের দ্বারা বা আইনের অধীন প্রতিষ্ঠিত কোন বিশ্ববিদ্যালয় বা বোর্ড এবং এই বিধিমালার উদ্দেশ্য পূরণকল্পে, সরকার কর্তৃক স্বীকৃত বলিয়া ঘোষিত অন্য কোন বিশ্ববিদ্যালয় বা বোর্ড ইহার অন্তর্ভুক্ত হইবে।

৩। **নিয়োগ পদ্ধতি।**—(১) তফসিলে বর্ণিত বিধান সাপেক্ষে কোন পদে নিম্নেবর্ণিত পদ্ধতিতে নিয়োগদান করা যাইবে, যথা ঃ—

(ক) সরাসরি নিয়োগের মাধ্যমে;

(খ) পদোন্নতির মাধ্যমে; এবং

(গ) প্রেষণে বদলীর মাধ্যমে।

(২) কোন ব্যক্তিকে কোন পদে নিয়োগ করা হইবে না, যদি তজ্জন্য প্রয়োজনীয় যোগ্যতা তাহার না থাকে, এবং সরাসরি নিয়োগের ক্ষেত্রে, তাঁহার বয়স উক্ত পদের জন্য তফসিলে বর্ণিত বয়ঃসীমার মধ্যে না হয়।

৪। **সরাসরি নিয়োগ।**—(১) কমিশনের সুপারিশ ব্যতিরেকে কমিশনের আওতাভুক্ত কোন পদে সরাসরি নিয়োগ করা যাইবে না।

(২) নিয়োগকারী কর্তৃপক্ষ কর্তৃক গঠিত নির্বাচনী বা বাছাই কমিটির সুপারিশ ব্যতিরেকে কমিশনের আওতা বহির্ভূত কোন পদে সরাসরি নিয়োগ করা যাইবে না।

(৩) কোন পদে সরাসরি নিয়োগের জন্য কোন ব্যক্তি যোগ্য বলিয়া বিবেচিত হইবেন না, যদি তিনি—

(ক) বাংলাদেশের নাগরিক না হন, অথবা বাংলাদেশের স্থায়ী বাসিন্দা না হন, অথবা বাংলাদেশের ডমিসাইল না হন; এবং

(খ) এমন কোন ব্যক্তিকে বিবাহ করিয়া থাকেন অথবা বিবাহ করিবার জন্য প্রতিশ্রুতিবদ্ধ হন যিনি বাংলাদেশের নাগরিক নহেন।

(৪) কোন পদে সরাসরি নিয়োগ করা যাইবে না, যদি না—

(ক) নিয়োগের জন্য বাছাইকৃত ব্যক্তির স্বাস্থ্য পরীক্ষার উদ্দেশ্যে স্বাস্থ্য অধিদপ্তরের মহাপরিচালক কর্তৃক গঠিত মেডিকেল বোর্ড অথবা, ক্ষেত্রমত, তৎকর্তৃক মনোনীত কোন মেডিকেল অফিসার এই মর্মে প্রত্যয়ন করেন যে, উক্ত ব্যক্তি স্বাস্থ্যগতভাবে অনুরূপ পদে নিয়োগলাভে যোগ্য এবং তিনি এইরূপ কোন দৈহিক বৈকল্যে ভুগিতেছেন না যাহা সংশ্লিষ্ট পদের দায়িত্ব পালনে কোন ব্যঘাত সৃষ্টি করিতে পারে; এবং

(খ) এইরূপ বাছাইকৃত ব্যক্তির পূর্ব কার্যকলাপ যথাযোগ্য কর্তৃপক্ষের মাধ্যমে তদন্ত হইয়া থাকে, বা এইরূপ তদন্তের ফলে দেখা যায় যে, প্রজাতন্ত্রের চাকুরীতে নিযুক্তির জন্য তিনি অনুপযুক্ত নহেন।

(৫) কোন ব্যক্তিকে কোন পদে নিয়োগের জন্য সুপারিশ করা হইবে না, যদি তিনি—

(ক) উক্ত পদের জন্য কমিশন কর্তৃক বা নিয়োগকারী কর্তৃপক্ষ কর্তৃক দরখাস্ত আহ্বানের বিজ্ঞপ্তিতে উল্লিখিত ফিসহ যথাযথ ফরম ও নির্দিষ্ট তারিখের মধ্যে দরখাস্ত দাখিল না করেন; এবং

(খ) সরকারী চাকুরী কিংবা কোন স্থানীয় কর্তৃপক্ষের চাকুরীতে নিয়োজিত থাকাকালে স্বীয় উর্ধ্বতন কর্মকর্তার মাধ্যমে দরখাস্ত দাখিল না করেন।

৫। **পদোন্নতির মাধ্যমে নিয়োগ।**—(১) এতদুদ্দেশ্যে নিয়োগকারী কর্তৃপক্ষ কর্তৃক গঠিত সংশ্লিষ্ট নির্বাচনী বা বাছাই কমিটি কর্তৃক মেধা ও জ্যেষ্ঠতা অনুসারে সুপারিশের ভিত্তিতে কোন পদে পদোন্নতির মাধ্যমে নিয়োগ করা যাইবে ঃ

তবে শর্ত থাকে যে, ৩য় শ্রেণী হইতে ২য় শ্রেণী এবং ৩য় ও ২য় শ্রেণী হইতে ১ম শ্রেণীর পদে কমিশনের সুপারিশের ভিত্তিতে পদোন্নতির মাধ্যমে নিয়োগ করিতে হইবে এবং সে ক্ষেত্রে পদোন্নতির জন্য ন্যূনতম শিক্ষাগত যোগ্যতা কোন স্বীকৃত বিশ্বেবিদ্যালয় হইতে স্নাতক ডিগ্রীধারী থাকিতে হইবে।

(২) যদি কোন ব্যক্তির চাকুরীর বৃত্তান্ত ও বার্ষিক গোপনীয় প্রতিবেদন সন্তোষজনক না হয়, তাহা হইলে তিনি কোন পদে পদোন্নতির মাধ্যমে নিয়োগের জন্য যোগ্য বলিয়া বিবেচিত হইবেন না।

৬। **শিক্ষানবিস।**—(১) কোন স্থায়ী শূন্য পদের বিপরীতে নিয়োগের জন্য বাছাইকৃত ব্যক্তিকে শিক্ষানবিস স্তরে,—

(ক) সরাসরি নিয়োগের ক্ষেত্রে, যোগদানের তারিখ হইতে ২ (দুই) বৎসরের জন্য; এবং

(খ) পদোন্নতির ক্ষেত্রে, এইরূপ নিয়োগের তারিখ হইতে ১ (এক) বৎসরের জন্য;

—নিয়োগ করা হইবে ঃ

তবে শর্ত থাকে যে, নিয়োগকারী কর্তৃপক্ষ কারণ লিপিবদ্ধ করিয়া শিক্ষানবিসির মেয়াদ এইরূপ সম্প্রসারণ করিতে পারিবে, যাহাতে বর্ধিত মেয়াদ সর্বসাকুল্যে ২ (দুই) বৎসরের অধিক না হয়।

(২) যেইক্ষেত্রে কোন শিক্ষানবিসের শিক্ষানবিসির মেয়াদকালে নিয়োগকারী কর্তৃপক্ষ মনে করে যে, উক্ত শিক্ষানবিসের আচরণ ও কর্ম সন্তোষজনক নহে, কিংবা তাঁহার কর্মদক্ষ হওয়ার সম্ভাবনা নাই, সেইক্ষেত্রে উক্ত কর্তৃপক্ষ,—

(ক) সরাসরি নিয়োগের ক্ষেত্রে, শিক্ষানবিসের চাকুরীর অবসান ঘটাইতে পারিবে; এবং

(খ) পদোন্নতির ক্ষেত্রে, তাঁহাকে যে পদ হইতে পদোন্নতি দেওয়া হইয়াছিল সেই পদে প্রত্যাবর্তন করাইতে পারিবে।

(৩) শিক্ষানবিসির মেয়াদ, বর্ধিত মেয়াদ থাকিলে তাহাসহ, সম্পূর্ণ হওয়ার পর নিয়োগকারী কর্তৃপক্ষ যদি—

(ক) এই মর্মে সন্তুষ্ট হন যে, শিক্ষানবিসির মেয়াদকালে কোন শিক্ষানবিসের আচরণ ও কর্ম সন্তোষজনক ছিল, তাহা হইলে উপবিধি (৪) এর বিধান সাপেক্ষে, তাহাকে চাকুরীতে স্থায়ী করিবে; এবং

(খ) মনে করে যে, উক্ত মেয়াদকালে শিক্ষানবিসের আচরণ বা কর্ম সন্তোষজনক ছিল না, তাহা হইলে উক্ত কর্তৃপক্ষ,—

(অ) সরাসরি নিয়োগের ক্ষেত্রে, তাঁহার চাকুরীর অবসান ঘটাইতে পারিবে; এবং

(আ) পদোন্নতির ক্ষেত্রে, তাঁহাকে যে পদ হইতে পদোন্নতি দেওয়া হইয়াছিল সেই পদে প্রত্যাবর্তন করাইতে পারিবে।

(৪) কোন শিক্ষানবিসকে কোন নির্দিষ্ট পদে স্থায়ী করা হইবে না, যে পর্যন্ত না তিনি সরকারী আদেশ বলে সময় সময় যে পরীক্ষা ও প্রশিক্ষণের ব্যবস্থা করা হয়, সেই পরীক্ষায় উত্তীর্ণ না হন এবং প্রশিক্ষণ সাফল্যের সহিত সম্পন্ন না করেন।

৭। **রহিতকরণ ও হেফাজত।**—(১) এই বিধিমালা কার্যকর হইবার তারিখ হইতে—

(ক) The Non-Gazetted Employees (Labour Appellate Tribunal, Labour Courts, Minimum Wages Board and Directorate of Seamen and Emigration Welfare) Recruitment Rules, 1983 এর Part-III; এবং

(খ) The Gazetted Officers (Department of Labour, Department of Inspection for Factories and Establishment; Department of Seamen and Emigration Welfare, Labour Court, Labour Appellate Tribunal and Minimum Wages Board) Recruitment Rules, 1983 এর Schedule-III;

এর কার্যকারিতা এতদ্দ্বারা রহিত করা হইল।

(২) উক্তরূপ রহিতকরণ সত্ত্বেও উক্ত Rules যথাক্রমে রহিতকৃত Part এবং Schedule এর অধীনকৃত কাজকর্ম বা গৃহীত ব্যবস্থা, এই বিধিমালায় যাহা কিছুই থাকুক না কেন, এই বিধিমালার বিধান অনুযায়ী করা বা গৃহীত হইয়াছে বলিয়া গণ্য হইবে।

**তফসিল**

{ বিধি-২ (খ) দ্রষ্টব্য }

| ক্রমিক নং | পদের নাম | সরাসরি নিয়োগের ক্ষেত্রে সর্বোচ্চ বয়স-সীমা | নিয়োগ পদ্ধতি | প্রয়োজনীয় যোগ্যতা |
|---|---|---|---|---|
| ১ | ২ | ৩ | ৪ | ৫ |
| (১) | পরিচালক | ... | **পদোন্নতির মাধ্যমে ঃ** তবে পদোন্নতির যোগ্য প্রার্থী পাওয়া না গেলে প্রেষণে বদলীর মাধ্যমে | **পদোন্নতির ক্ষেত্রে ঃ** উপ-পরিচালক পদে ৮ (আট) বৎসরের চাকুরী। |
| (২) | উপ-পরিচালক | ... | **পদোন্নতির মাধ্যমে ঃ** তবে পদোন্নতির যোগ্য প্রার্থী পাওয়া না গেলে প্রেষণে বদলীর মাধ্যমে | **পদোন্নতির ক্ষেত্রে ঃ** সহকারী পরিচালক পদে ৭ (সাত) বৎসরের চাকুরী। |
| (৩) | সহকারী পরিচালক | ৩০ বৎসর | (ক) ৫০ ভাগ পদোন্নতির মাধ্যমে ঃ<br>(খ) ৫০ ভাগ সরাসরি নিয়োগের মাধ্যমে ঃ<br>তবে সরাসরি বা পদোন্নতিযোগ্য প্রার্থী পাওয়া না গেলে প্রেষণে বদলীর মাধ্যমে। | **পদোন্নতির মাধ্যমে ঃ** কোন স্বীকৃত বিশ্ববিদ্যালয় হইতে স্নাতক ডিগ্রীসহ তত্ত্বাবধায়ক, স্টেনোগ্রাফার বা কম্পিউটার অপারেটর পদে ১৫ (পনের) বৎসরের চাকুরী বা কোন স্বীকৃত বিশ্ববিদ্যালয় হইতে স্নাতক ডিগ্রীসহ উচ্চমান সহকারী/প্রধান সহকারী কাম-হিসাব রক্ষক, উচ্চমান সহকারী, উচ্চমান সহকারী কাম-ক্যাশিয়ার, স্টেনোটাইপিস্ট বা ডাটা এন্ট্রি অপারেটর, হিসাব রক্ষক-কাম-ক্যাশিয়ার পদে ২০(বিশ) বৎসরের চাকুরী। |

| ক্রমিক নং | পদের নাম | সরাসরি নিয়োগের ক্ষেত্রে সর্বোচ্চ বয়স-সীমা | নিয়োগ পদ্ধতি | প্রয়োজনীয় যোগ্যতা |
|---|---|---|---|---|
| ১ | ২ | ৩ | ৪ | ৫ |
| | | | | **সরাসরি নিয়োগের ক্ষেত্রে ঃ** কোন স্বীকৃত বিশ্ববিদ্যালয় হইতে যে কোন বিষয়ে অন্যূন দ্বিতীয় শ্রেণীর স্নাতক (সম্মান)সহ দ্বিতীয় শ্রেণীর স্নাতকোত্তর ডিগ্রী অথবা চার বৎসর মেয়াদী অন্যূন দ্বিতীয় শ্রেণীর স্নাতক (সম্মান) ডিগ্রী অথবা দ্বিতীয় শ্রেণীর স্নাতক ডিগ্রীসহ প্রথম শ্রেণীর স্নাতকোত্তর ডিগ্রী। |
| (৪) | তত্ত্বাবধায়ক | ... | পদোন্নতির মাধ্যমে | উচ্চমান সহকারী, হিসাবরক্ষক-কাম-ক্যাশিয়ার, উচ্চমান সহকারী-কাম ক্যাশিয়ার, উচ্চমান সহকারী/প্রধান সহকারী-কাম-হিসাবরক্ষক, স্টেনোটাইপিস্ট/ডাটা এন্ট্রি অপারেটর পদে ৫ (পাঁচ) বৎসরের চাকুরী। |
| (৫) | স্টেনোগ্রাফার/ কম্পিউটার অপারেটর | ... | পদোন্নতির মাধ্যমে | স্টেনোটাইপিস্ট/ডাটা এন্ট্রি অপারেটর পদে ৫ (পাঁচ) বৎসরের চাকুরী। |
| (৬) | উচ্চমান সহকারী/ প্রধান সহকারী-কাম-হিসাবরক্ষক | ... | পদোন্নতির মাধ্যমে | অফিস সহকারী-কাম মুদ্রাক্ষরিক পদে ৫ (পাঁচ) বৎসরের চাকুরী। |
| (৭) | উচ্চমান সহকারী-কাম-ক্যাশিয়ার | ৩০ বৎসর | (ক) ৫০ ভাগ পদোন্নতির মাধ্যমে ঃ<br>(খ) ৫০ ভাগ সরাসরি নিয়োগের মাধ্যমে ঃ | **পদোন্নতির ক্ষেত্রে ঃ** অফিস সহকারী-কাম মুদ্রাক্ষরিক পদে ৫ (পাঁচ) বৎসরের চাকুরী।<br>**সরাসরি নিয়োগের ক্ষেত্রে ঃ** কোন স্বীকৃত বিশ্ববিদ্যালয় হইতে অন্যূন দ্বিতীয় শ্রেণীর স্নাতক বা সমমানের ডিগ্রী। |

| ক্রমিক নং | পদের নাম | সরাসরি নিয়োগের ক্ষেত্রে সর্বোচ্চ বয়স-সীমা | নিয়োগ পদ্ধতি | প্রয়োজনীয় যোগ্যতা |
|---|---|---|---|---|
| ১ | ২ | ৩ | ৪ | ৫ |
| (৮) | হিসাবরক্ষক-কাম-ক্যাশিয়ার | ... | পদোন্নতির মাধ্যমে | অফিস সহকারী-কাম মুদ্রাক্ষরিক বা সিনেমা অপারেটর পদে ৫ (পাঁচ) বৎসরের চাকুরী। |
| (৯) | উচ্চমান সহকারী | ... | পদোন্নতির মাধ্যমে | অফিস সহকারী-কাম মুদ্রাক্ষরিক বা সিনেমা অপারেটর পদে ৫ (পাঁচ) বৎসরের চাকুরী। |
| (১০) | স্টেনোটাইপিস্ট/ডাটা এন্ট্রি অপারেটর (গ্রেড-১) | ৩০ বৎসর | সরাসরি নিয়োগের মাধ্যমে | (ক) কোন স্বীকৃত বোর্ড হইতে উচ্চ মাধ্যমিক সার্টিফিকেট বা সমমানের পরীক্ষায় দ্বিতীয় বিভাগ বা সমমানের গ্রেডে উত্তীর্ণ হওয়াসহ সংশ্লিষ্ট কাজে ২ (দুই) বৎসরের বাস্তব অভিজ্ঞতা।<br>(খ) বাংলা ও ইংরেজী টাইপিং এ প্রতি মিনিটে যথাক্রমে ৩০ ও ৪০ শব্দের গতি;<br>(গ) ডাটা এন্ট্রি অপারেটর এপটিচিউড টেস্টে উত্তীর্ণ হইতে হইবে। |
| (১১) | অফিস সহকারী-কাম-মুদ্রাক্ষরিক/ডাটা এন্ট্রি অপারেটর (গ্রেড-২) | ৩০ বৎসর | সরাসরি নিয়োগের মাধ্যমে | (ক) কোন স্বীকৃত বোর্ড হইতে উচ্চ মাধ্যমিক সার্টিফিকেট বা সমমানের পরীক্ষায় অন্যূন দ্বিতীয় বিভাগ বা সমমানের গ্রেডে উত্তীর্ণ;<br>(খ) বাংলা ও ইংরেজী টাইপিং এ প্রতি মিনিটে যথাক্রমে ৩০ ও ৪০ শব্দের গতি;<br>(গ) ডাটা এন্ট্রি অপারেটর এপটিচিউড টেস্টে উত্তীর্ণ হইতে হইবে। |

| ক্রমিক নং | পদের নাম | সরাসরি নিয়োগের ক্ষেত্রে সর্বোচ্চ বয়স-সীমা | নিয়োগ পদ্ধতি | প্রয়োজনীয় যোগ্যতা |
|---|---|---|---|---|
| ১ | ২ | ৩ | ৪ | ৫ |
| (১২) | সিনেমা অপারেটর | ৩০ বৎসর | সরাসরি নিয়োগের মাধ্যমে | কোন স্বীকৃত বোর্ড হইতে অন্যূন দ্বিতীয় বিভাগে উচ্চ মাধ্যমিক সার্টিফিকেট বা সমমানের পরীক্ষায় বা সমমানের গ্রেডে উত্তীর্ণসহ সংশ্লিষ্ট কাজে ২ (দুই) বৎসরের বাস্তব অভিজ্ঞতা। |
| (১৩) | এম.এল.এস.এস | ৩০ বৎসর | সরাসরি নিয়োগের মাধ্যমে | কোন স্বীকৃত বোর্ড হইতে মাধ্যমিক স্কুল সার্টিফিকেট বা সমমানের পরীক্ষায় বা সমমানের গ্রেডে উত্তীর্ণ। |
| (১৪) | দারোয়ান | ৩০ বৎসর | সরাসরি নিয়োগের মাধ্যমে | কোন স্বীকৃত বোর্ড হইতে মাধ্যমিক স্কুল সার্টিফিকেট বা সমমানের পরীক্ষায় বা সমমানের গ্রেডে উত্তীর্ণ। |
| (১৫) | এটেনডেন্ট | ৩০ বৎসর | সরাসরি নিয়োগের মাধ্যমে | কোন স্বীকৃত বোর্ড হইতে মাধ্যমিক স্কুল সার্টিফিকেট বা সমমানের পরীক্ষায় বা সমমানের গ্রেডে উত্তীর্ণ। |
| (১৬) | ঝাড়ুদার | ৩০ বৎসর | সরাসরি নিয়োগের মাধ্যমে | অষ্টম শ্রেণী উত্তীর্ণ। তবে পেশাগত কাজে অভিজ্ঞতা সম্পন্ন প্রার্থীদের অগ্রাধিকার দেয়া হইবে। |

রাষ্ট্রপতির আদেশক্রমে

**মোঃ রফিকুল ইসলাম**

সচিব।

এ, কে, এম রফিকুল ইসলাম (উপ-সচিব), উপ-নিয়ন্ত্রক, বাংলাদেশ সরকারী মুদ্রণালয়, ঢাকা কর্তৃক মুদ্রিত।
মোঃ আমিন জুবেরী আলম, উপ-নিয়ন্ত্রক, বাংলাদেশ ফরম ও প্রকাশনা অফিস,
তেজগাঁও, ঢাকা কর্তৃক প্রকাশিত।

রেজিস্টার্ড নং ডি এ-১ “জাতির পিতা বঙ্গবন্ধু শেখ মুজিবুর রহমানের
জন্মশতবার্ষিকী উদ্‌যাপন সফল হোক”

# বাংলাদেশ গেজেট

অতিরিক্ত সংখ্যা
কর্তৃপক্ষ কর্তৃক প্রকাশিত

মঙ্গলবার, আগস্ট ১৮, ২০২০

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
নৌপরিবহণ মন্ত্রণালয়

প্রজ্ঞাপন

তারিখ: ২৮ শ্রাবণ ১৪২৭ বঙ্গাব্দ/ ১২ আগস্ট ২০২০ খ্রিস্টাব্দ

এস. আর. ও. নং ২২৯-আইন/২০২০।—সরকারি চাকরি আইন, ২০১৮ (২০১৮ সনের ৫৭ নং আইন) এর ধারা ৫৯ এ প্রদত্ত ক্ষমতাবলে সরকার, নাবিক ও প্রবাসী শ্রমিক কল্যাণ পরিদপ্তর (কর্মকর্তা ও কর্মচারী) নিয়োগ বিধিমালা, ২০০৬ এর নিম্নরূপ সংশোধন করিল, যথা:—

উপরি-উক্ত বিধিমালার—

(ক) বিদ্যমান “তফসিল” “তফসিল-১” হিসাবে পুনঃসংখ্যায়িত হইবে এবং উহার কলাম (১) এর ক্রমিক নং (১২) এর পর নিম্নরূপ ক্রমিক নং (১২ক) এবং উহার বিপরীতে কলাম ২, ৩, ৪ ও ৫ এ উল্লিখিত এন্ট্রিসমূহ সন্নিবেশিত হইবে, যথা:—

“
| | | | | |
|---|---|---|---|---|
| (১২ক) | কার ড্রাইভার (গাড়ী চালক) | অনূর্ধ্ব ৩০ বৎসর | সরাসরি নিয়োগের মাধ্যমে | (ক) কোনো স্বীকৃত বোর্ড হইতে জুনিয়র স্কুল সার্টিফিকেট বা সমমানের পরীক্ষায় উত্তীর্ণ;<br>(খ) হালকা গাড়ি চালনার লাইসেন্সধারী;<br>(গ) তফসিল ২ অনুযায়ী গৃহীত পরীক্ষায় উত্তীর্ণ; এবং<br>(ঘ) অভিজ্ঞ প্রার্থীগণ অগ্রাধিকার প্রাপ্ত হইবেন। |
”;


মূল্য : টাকা ৪.০০

(খ) পুনঃসংখ্যায়িত তফসিল-১ এর পর নিম্নরূপ তফসিল-২ সংযোজিত হইবে, যথা:—

"তফসিল-২
[বিধি-২(খ) দ্রষ্টব্য]

| পরীক্ষার নাম | পরীক্ষার বিষয় | পরীক্ষার নম্বর | সর্বনিম্ন পাস নম্বর | সময় |
|---|---|---|---|---|
| (ক) লিখিত পরীক্ষা | ১। বাংলা | ১০ | ৫০% | ১ ঘন্টা |
| | ২। ইংরেজি | ১০ | | |
| | ৩। গণিত | ১০ | | |
| | ৪। সাধারণ জ্ঞান প্রাসঙ্গিক/ টেকনিক্যাল | ১০ | | |
| | মোট | ৪০ | | |
| (খ) মৌখিক পরীক্ষা | | ১০ | | |
| সর্বমোট | | ৫০ | | |

"।

ব্যাখ্যা: কার ড্রাইভার (গাড়ী চালক) পদের লিখিত পরীক্ষা এবং ব্যবহারিক পরীক্ষায় উত্তীর্ণ প্রার্থীগণ মৌখিক পরীক্ষার জন্য যোগ্য হইবেন।

রাষ্ট্রপতির আদেশক্রমে

মোহাম্মদ মেজবাহ্ উদ্দিন চৌধুরী
সচিব।

মোহাম্মদ ইসমাইল হোসেন, উপপরিচালক (উপসচিব), বাংলাদেশ সরকারী মুদ্রণালয়, তেজগাঁও, ঢাকা কর্তৃক মুদ্রিত।
মাকসুদা বেগম সিদ্দীকা, উপপরিচালক (উপসচিব), বাংলাদেশ ফরম ও প্রকাশনা অফিস, তেজগাঁও,
ঢাকা কর্তৃক প্রকাশিত। website : www.bgpress.gov.bd